Nilam Notice)

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং-৩৯.০২.০০০০.০৩০.৯৯.০১৮.১৮/ তারিখ ঃ ৩০/০৫/২০১৮ইং

"নিলাম বিজ্ঞপ্তি"

বিসিএসআইআর, ধানমন্ডি কেপিআই এলাকার অন্বেষা ভবনের পূর্ব পাশে অবস্থিত পুরাতন, জরাজীর্ণ এবং বসবাসে ঝুঁকিপূর্ন গ্যারেজ কোয়াটার ভবন এবং সিকিউরিটি গার্ড ও আনসার সেড দুই টি যে অবস্থায় আছে সে অবস্থায় রেখে নিলামে বিক্রয়ের জন্য প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠান হতে দরপত্র আহবান করা যাইতেছে। আগ্রহী দরদাতাগণ অত্র বিজ্ঞপ্তি প্রচারের পর হইতে দরপত্র দাখিলের পূর্ব দিন অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করতঃ সরেজমিনে পরিষদের কেপিআই এলাকাস্থ গ্যারেজ কোয়াটার ভবন এবং সিকিউরিটি গার্ড ও আনসার সেড দুই টি পরিদর্শন পূর্বক আগামী ২১/০৬/২০১৮ ইং তারিখ বেলা ৩:০০ ঘটিকার মধ্যে দর নিজস্ব লেটার হেড প্যাডে উদ্ধৃত করিয়া সীলসহ স্বাক্ষর প্রদান পূর্বক নিম্নোক্ত শর্তাবলীতে উল্লেখিত ঠিকানায় সরাসরি/ডাকযোগে দাখিল করিতে পারিবেন। প্রাপ্ত নিলাম দরপত্র দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) উক্ত তারিখেই বেলা ৩:৩০ ঘটিকায় খোলা হইবে।

শর্তাবলী ঃ

১। নিলাম দরপত্র তত্ত্বাবধায়ক প্রকৌশলী -এর কার্যালয় ও সচিব এর কার্যালয় বিসিএসআইআর, ধানমন্ডি, ঢাকা-১২০৫-এ রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি দাখিল করিতে হইবে।

২। এ ছাড়াও রেজিষ্টার্ড পোষ্ট/কুরিয়ার সার্ভিস যোগেও উক্ত ঠিকানায় প্রেরণ করা যাইবে।

৩। উদ্ধৃত দরের ২৫% হারে বিসিএসআইআর, ঢাকা এর অনুকুলে সরকার অনুমোদিত যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার আকারে বায়নার টাকা দাখিল করিতে হইবে। বায়নার টাকা কম হইলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং অকৃতকার্য দরদাতার বায়নার টাকা কর্তৃপক্ষের সিদ্ধান্তের ০৩(তিন)দিন পর ফেরৎ দেওয়া হইবে।

৪। কর্তৃপক্ষ কৃতকার্য দর দাতাকে নিলাম সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর/কার্যাদেশ প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের সম্পূর্ন টাকা এবং সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর (যদি প্রযোজ্য হয়) পৃথকভাবে সংযোজন করতঃ হিসাব শাখায় ক্যাশিয়ারের নিকট জমা করিয়া কর্তৃপক্ষের নিকট হইতে স্থাপনা গুলো যে অবস্থায় আছে সে অবস্থায় ভেঁঙ্গে ফেলে ক্যাম্পাসের বাহিরে নেওয়ার অনুমতি গ্রহণ করিতে হইবে।

৫। কৃতকার্য দরদাতার বায়নার টাকা (উদ্ধৃত দরের ২৫%) জামানত হিসেবে গণ্য হবে।

৬। অংশ গ্রহনকারী দরদাতাগণ উদ্ধৃত দরের সাথে তার প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ ও মালিকের জাতীয় পরিচয় পত্রের কপি দাখিল করতে হবে।

৭। জমাকৃত টাকার মূল রশিদ নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা সাপেক্ষে নিলামকৃত মালামাল ক্যাম্পাসের বাহিরে নেওয়ার গেইট পাশ সংগ্রহ করা যাইবে।

৮। গেইট পাশ ব্যতীত নিলামকৃত মালামাল ক্যাম্পাসের বাহিরে নেওয়া যাইবে না।

৯। উপরোক্ত শর্তসমুহ যথাযথ ভাবে পালনে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। ইহাতে কোন প্রকার আপত্তি আইনানুযায়ী গ্রাহ্য হইবে না।

১০। নিলাম দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজ খরচে সরেজমিনে পরিদর্শন পূর্বক স্থাপনা সম্পর্কে ধারনা নেওয়াসহ অন্যান্য তথ্যাদি নিম্নস্বাক্ষরকীর দপ্তর হইতে জানা যাইবে।

১১। নিলামকৃত স্থাপনার মালামালসমূহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি এবং নিরাপত্তা কর্মীর উপস্থিতিতে বিসিএসআইআর ধানমন্ডি, ঢাকা অফিস ক্যাম্পাস হইতে বাহিরে নিতে হইবে।

১২। নিলামকৃত মালামাল বাহিরে নেয়ার সময় বিসিএসআইআর-এর কোন সম্পদ নষ্ট/ক্ষতি করলে তা নিজ দায়িত্বে ও খরচে সারাইয়া দিতে হইবে।

১৩। কর্তৃপক্ষ সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র কোন কারণ দর্শনো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

30.05.18

(মোঃ মনির হোসেন পাটওয়ারী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃ দাঃ)
বিসিএসআইআর, ঢাকা